গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কল্যাণ শাখা
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.১২৩.১১.০২১.২২-৬২

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ / ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৮০.০০.০০০০.১১০.১১.০০৩.২১(অংশ-১)-৩২৩ সংখ্যক স্মারকে সুপারিশকৃত নিম্নবর্ণিত ২৭ (সাতাশ) জন প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকায় নন-ক্যাডার ৯ম গ্রেডভুক্ত "সহকারী রেজিস্ট্রার ও "মেডিকেল অফিসার" পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- টাকা বেতনস্কেলে প্রজ্ঞাপনের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

**সহকারী রেজিস্ট্রার-**

| ক্রমিক | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ০১. | ১৮০০০৫২৬ | কানিজ ফাতেমা<br>পিতা: মো: মনির হোসেন | গ্রাম-ফুলবাড়ী ওয়ার্ড নং-০৮ ডাকঘর- মাইধার চালা, উপজেলা-ঘাটাইল, জেলা-টাঙ্গাইল। | ২২,০০০-৫৩,০৬০/-<br>৯ম গ্রেড |
| ০২. | ১১০০৬২১৫ | মোঃ মেহেদী হাসান<br>পিতা: মো: সিরাজুল ইসলাম | গ্রাম+ডাকঘর-সোনাদহ, উপজেলা বাঘা, জেলা-রাজশাহী। | ঐ |
| ০৩. | ১১০১১৫৪৩ | তাসলিমা আক্তার আঁখি<br>পিতা: আসাদুজ্জামান | গ্রাম-এলেঙ্গা, ডাকঘর-এলেঙ্গা ১৯৭৪ উপজেলা-কালিহাতী, জেলা-টাঙ্গাইল। | ঐ |
| ০৪. | ১২০০১৯৯১ | মোসাঃ ইশরাত জেরিন<br>পিতা: মো: ইউসুফ আলী | গ্রাম-রহিমানপুর, ডাকঘর-বাশবাড়ীয়া-৬৪১০, উপজেলা-বাগাতিপাড়া, জেলা-নাটোর। | ঐ |
| ০৫. | ১৫০০০৬৪৫ | সামিহা আফাফ খান<br>পিতা: মো: নুরুল আমিন খান | ৭৮০, বৈদ্যপাড়া, ডাকঘর-সদর-৮২০০, সদর, বরিশাল। | ঐ |
| ০৬. | ১১০০৮৮৯৭ | মো: আল-মামুন লিয়ন<br>পিতা: মো: লায়েকুজ্জামান | গ্রাম-খাগড়াবাড়িয়া, ডাকঘর: খাগড়াবাড়িয়া, উপজেলা-কাশিয়ানী, জেলা-গোপালগঞ্জ। | ঐ |
| ০৭. | ১৩০০০৯১০ | মুহাম্মদ ওয়াহিদ আকরাম তুহিন<br>পিতা: ফজলুর করিম | গ্রাম-জুলধা, ডাকঘর-ফকিরনীর হাট-৪৩৭১ উপজেলা-কর্ণফুলী, জেলা-চট্টগ্রাম। | ঐ |

**মেডিকেল অফিসার-**

| ক্রমিক | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ০১. | ১১০১১৬১৩ | রাকিবা উদ্দিন রিমা<br>পিতা: মো: জসিম উদ্দিন | গ্রাম: রামচন্দ্রপুর, ডাক: শাহীরামচন্দ্রপুর, উপ: বুড়িচং, জেলা: কুমিল্লা। | ২২,০০০-৫৩,০৬০/-<br>৯ম গ্রেড |
| ০২. | ১৮০০০০৫২ | মোঃ শফিকুল ইসলাম<br>পিতা: মৃত মো: আবুল হোসেন | গ্রাম: চরটেপরী, ডাক: নরিনা, থানা: শাহ্জাদপুর, জেলা: সিরাজগঞ্জ। | ঐ |
| ০৩. | ১১০০৯৮৫২ | মোঃ সাদ্দাম হোসেন<br>পিতা: সফি উল্যাহ | গ্রাম+পো.: চরবাটা, উপ: সুবর্ণচর, জেলা: নোয়াখালী। | ঐ |
| ০৪. | ১১০১৮২৪৩ | সঞ্জয় সূত্রধর<br>পিতা: সুকলাল সূত্রধর | গ্রাম: লাহাপাড়া, ডাক: আমিনপুর, থানা: সোনারগাঁও, জেলা: নারায়ণগঞ্জ। | ঐ |
| ০৫. | ১১০০৭৯১৮ | মোঃ নাজমুল কবির<br>পিতা: মো: আবুল কাশেম | ৯৪/৪, নিউচাষাড়া, পো: নারায়ণগঞ্জ-১৪০০, সদর, নারায়ণগঞ্জ। | ঐ |
| ০৬. | ১২০০১২১৯ | মোঃ ইরফান ইবনে আজাদ<br>পিতা: মো: আবুল কালাম আজাদ | বাসা: ৮৮৪/এ, তেরঘাদিয়া শান্তিবাগ-২, ডাক: রাজশাহী ক্যান্ট-৬২০২, রাজপাড়া, রাজশাহী। | ঐ |
| ০৭. | ১১০০৯০৫২ | জাভেদ মাহমুদ ছোটন<br>পিতা: আব্দুস সামাদ | ওয়ার্ড নং: ০১, বাসা: ১৯৫৫, পূর্ব বারান্দীপাড়া, ফুলতলা, সদর, যশোর। | ঐ |
| ০৮. | ১১০১৪২৬৩ | মারিয়া বিলকিস পিয়াল<br>পিতা: কাজী আজাদ হোসেন | গ্রাম: আরাজিডুমুরিয়া, ডাক: সাজিয়াড়া-৯২৫০, উপ: ডুমুরিয়া, জেলা: খুলনা। | ঐ |
| ০৯. | ১৫০০০৩৪৫ | সুমন পাল<br>পিতা: সুনীল কুমার পাল | গ্রাম: গঙ্গারামপুর, পোস্ট: হরিতলা-৭৬২০, উপ: শালিখা, জেলা: মাগুরা। | ঐ |
| ১০. | ১১০০৩৯৮৪ | মোঃ ফিরোজ শাহ<br>পিতা: মো: নুরুল হক | গ্রাম: কুলাকানা, পো: পাঁচগাঁও, থানা: বিমান বন্দর, জেলা: বরিশাল। | ঐ |
| ১১. | ১৩০০২৯৬৭ | মোঃ সাজ্জাত হোসেন<br>পিতা: হাবিবুর রহমান | ধর্মপুর (চাদের পাড়া), ডাক: দক্ষিণ পাড়া-৪৩৮২, থানা: সাতকানিয়া, চট্টগ্রাম। | ঐ |
| ১২. | ১২০০০৮১৭ | মোঃ আহসানুল কবীর রনি<br>পিতা: মো: আব্দুল হাই | গ্রাম: কোসাইগাড়ী, পো+উপ.+জেলা: নওগাঁ। | ঐ |
| ১৩. | ১১০০৯৯৪৯ | আজমাঈনা তাজরিয়ান<br>পিতা: মো: আমির হোসেন | মৃধা বাড়ি, গ্রাম: কচাবুনিয়া, পোস্ট অফিস: পুকুরজানা, সদর, পটুয়াখালী। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | ১১০০৪৫১৪ | শেখ মেহেদী হাসান<br>পিতা: শেখ আবদুল লতিফ | শেখের বাড়ি, গ্রাম: জামালপুর, ডাক: ভাটরা, উপ: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর। | ঐ |
| ১৫. | ১১০০৬১৬৪ | রাশিক সাদমান<br>পিতা: এফ. এম. মোসলেম উদ্দিন | গ্রাম+পো:- শাহ্পুর, থানা: ডুমুরিয়া, জেলা: খুলনা। | ঐ |
| ১৬. | ১১০১১২২৭ | মুনা বশির<br>পিতা: বশির আহমেদ | গ্রাম: হোল্ডিং নং: ৪০৩, সি এন্ড বি রোড, গাংচিল খান সড়ক, ডাক: কোতয়ালী, সদর, বরিশাল। | ঐ |
| ১৭. | ১১০০৭১২৪ | আবদুল্লাহ আল সোহান<br>পিতা: চাঁন মিয়া | গ্রাম: বাহেরচর, ডাক: পাঁচ্চর, থানা: শিবচর, জেলা: মাদারীপুর। | ঐ |
| ১৮. | ১১০০৯৭৯৯ | সুমাইয়া শামসি<br>পিতা: আখতার হামিদ | বাসা নং: ১৬০৯, ওয়ার্ড নং: ২, দয়ালের মোড়, চকমোক্তার, নওগাঁ। | ঐ |
| ১৯. | ১৪০০০৩২৭ | মোঃ জুয়েল মিয়া<br>পিতা: আমির হোসেন | গ্রাম+ডাক: নবীয়াবাদ, উপ: মুরাদনগর, জেলা: কুমিল্লা। | ঐ |
| ২০. | ১১০১৬৩২১ | সুমাইয়া জামান<br>পিতা: খালেকুজ্জামান | প্রযত্নে: মাহমুদা খাতুন, গ্রাম: ১/২, উত্তর বাসাবো, ডাক: বাসাবো-১২১৪, থানা: সবুজবাগ, জেলা: ঢাকা। | ঐ |

## ২। নিয়োগের শর্তসমূহ:

(ক) তিনি বাংলাদেশের নাগরিক না হলে অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হলে অথবা বাংলাদেশে ডমিসাইলড (Domiciled) না হলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

(খ) যদি তিনি বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার প্রতিশ্রুতিবদ্ধ/অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তাহলে তাঁর এ সাময়িক নিয়োগ বাতিল হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসাবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিসকাল অনুর্ধ্ব দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) তাঁকে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(ঙ) সরকারি কর্ম কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(চ) চাকুরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ছ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (চ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ঝ) পরবর্তীতে যে কোনো সময় সাময়িকভাবে সুপারিশকৃত কোনো প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোনো ক্ষেত্রে যেমন- চাহিদাকৃত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তাদের নিয়োগ বাতিল করা হবে এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া, চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাদেরকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাদের বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে 'সরকারি চাকুরি আইন, ২০১৮'; সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭; সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে;

(ট) 'সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯' এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতালের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **১৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ** পূর্বাহ্নে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬/০২/২০২৩

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

F:\Letter-2021.docx

০১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

নং ০৫.০০.০০০০.১২৩.১১.০২১.২২-৬২/৩(১৪) তারিখ: -------------------------

১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/ সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/ সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়/কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।

৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।

৪। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

৫। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/সওব্য/সিপিটি/শৃংখলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৬। পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।

৭। যুগ্মসচিব (সওক), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

৮। যুগ্মসচিব, প্রশাসন-১, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (নির্ধারিত তারিখে প্রার্থীদের সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ৫০ (পঞ্চাশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

১২। সিনেয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

১৩। জনাব/বেগম ..........................................................................................।

১৪। অফিস কপি।

১৪/02/2023

(ফারজানা জামান)
উপসচিব